দৈনিক সংবাদ

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 24 DEC 1986
পৃষ্ঠা ... ৫

# শিক্ষা সপ্তাহ পালনের চূড়ান্ত কর্মসূচী গ্রহণ

দেশব্যাপী জাতীয়, জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা সপ্তাহ উদযাপ নর উদ্দেশ্যে সম্প্রতি শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে সাংগঠনিক কমিটির সভায় শিক্ষা সপ্তাহের বিস্তারিত কর্মসূচী চূড়ান্ত করা হয়। আগামী ১৫ই হতে ১৭ই জানুয়ারী জেলা পর্যায়ে এবং উক্ত তিন দিনের যে কোন একদিন সকল উপজেলা পর্যায়ে শিক্ষা সপ্তাহের কর্মসূচী পালন করা হবে। জেলা ও উপজেলা পর্যায়ে এই সপ্তাহ সুষ্ঠুভাবে পালনের জন্য বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে। জেলা পর্যায়ের কমিটিতে স্থানীয় সংসদ সদস্য উপদেষ্টা ও জেলা প্রশাসক সভাপতি হিসেবে কাজ করবেন। উপজেলা পর্যায়ে স্থানীয় সংসদ সদস্য উপদেষ্টা ও উপজেলা পরিষদ চেয়ারম্যান কমিটির সভাপতি হিসেবে থাকবেন। স্থানীয় পৌরসভার চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষানুরাগী, জনপ্রতিনিধি ও শিক্ষা দপ্তরের প্রতিনিধিরা এসব কমিটিতে রয়েছেন। সকল জেলা প্রশাসক ও উপজেলা পরিষদ চেয়ারম্যানদেরকে শিক্ষা সপ্তাহ যথাযোগ্য মর্যাদার সাথে পালন ক রার জন্য নির্দেশ দেয়া হয়েছে।

কর্মসূচীতে শিক্ষা বিষয়ক সিম্পোজিয়াম ও আলোচনা সভা, ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন (যেমন কেরাত, বিতর্ক, উপস্থিত বক্তৃতা, সংগীত ও নৃত্য) প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, গ্রন্থমেলা, পুস্তক প্রদর্শনী, বিজ্ঞান ও কারিগরি বিষয়ক প্রদর্শনী, ছাত্রছাত্রীদের শিক্ষা সফর এবং নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষক ও ছাত্রছাত্রীদের জন্য পুরস্কারের ব্যবস্থা (কেবল প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে) ইত্যাদি রয়েছে। জাতীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ ১লা মার্চ '৮৭ থেকে ঢাকায় অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে শিক্ষামন্ত্রী ও উপমন্ত্রীর পৃষ্ঠপোষকতায় শিক্ষা সচিবকে সভাপতি করে একটি কমিটি গঠিত হয়েছে। খবর তথ্য বিবরণীর।